

ওয়ার্ল্ড টাচ ইন্টারন্যাশনাল এর নবায়ন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল শুনানীর  
আদেশনামা

আপীল নং-৮৮৮/২০২০

তারিখঃ ২৭/১২/২০২০

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১২/০১/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেস্পীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ পর্যন্ত। এজেস্পীটি নবায়ন আবেদন দাখিল করেছে ২৭/১০/২০২০ তারিখ। তাঁদের এজেস্পীর নিবন্ধন আবেদনে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ১০ লক্ষ টাকার উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ না থাকা এবং নির্ধারিত সময়ে নবায়ন না করার কারণে ২৮/১০/২০২০ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ২৭/১২/২০২০ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিল আদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেস্পীর মালিক জানান যে, নবায়ন আবেদন যথাসময়ে দাখিল না করার কারণে প্রায় ০১(এক) বছরের বিলম্ব হয়েছে। এছাড়া আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়নপত্র, ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ, অফিস ভাড়া চুক্তিনামা ও ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন। নবায়নের আবেদনের ক্ষেত্রে ভবিষ্যতে যথাসময়ে আবেদন দাখিল করবেন বলেও শুনানীতে এজেস্পীর মালিক মৌখিকভাবে অঙ্গীকার করেছেন। অত্রাফিসের ২৮/১০/২০২০ তারিখের নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিল আদেশ রহিত করা হলো। আপীলকারীর বক্তব্য সন্তোষজনক না হওয়া এবং নবায়ন আবেদন যথাসময়ে না করার কারণে “বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-সচিবালয়-সচিবালয়-ফার্মস এন্ড কোম্পানিজ রেজিস্ট্রেশন ফিস” খাতে “বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন-২০১৩” এর ১১ ধারামতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অর্থ দন্ড আরোপ করা হলো। উক্ত অর্থ দন্ডের টাকা নির্ধারিত কোড নম্বর ১-৫৩০১-০০০১-১৮১৬ খাতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারী চালানোর মাধ্যমে অর্থ জমা দিয়ে চালানোর কপি অন লাইনে আপলোড করে মূলকপি এ মন্ত্রণালয়ে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত/১২/০১/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রঃপর্যঃ ও পরিঃ) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৮৮৮.২০২০- ০০</p> <p>তারিখঃ ১২/০১/২০২১ইং</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> <li>১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।</li> <li>৩) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।</li> <li>৪) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>৫) জেলা প্রশাসক, ঢাকা।</li> <li>৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>৭) সিনিয়র সহকারী সচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।</li> <li>৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০।</li> <li>৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।</li> <li>১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সমূহ-----</li> <li>১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)।</li> <li>১২) জনাব ফারুক আহমেদ, স্বত্বাধিকারী, ওয়ার্ল্ড টাচ ইন্টারন্যাশনাল, ৩/৪-এ, পুরানা পল্টন (৬ষ্ঠ তলা), ঢাকা।</li> </ol> <p>২২/১২/২০২০ মিজানুর রহমান অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়</p>	